

Bengali [Honours]

[CBCS]

B.A. Fifth Semester End Examination-2023

(Regular & Supplementary Paper)

PAPER- DSE2

Full Marks : 60

Time : 03 Hrs

The figures in the right hand margin indicate marks

Candidates are required to give their answers in their own words as far as practicable

Illustrate the answers wherever necessary

বিভাগ - ক

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :-

১০ x ২= ২০

- ১। “ধরিত্রীর অন্তহীন জন্ম মৃত্যু শোক” – কেন বলা হয়েছে ?
- ২। “শোকহীন হৃদিহীন সুখ স্বর্গ ভুলি” - কোন কবিতায়, কেন বলা হয়েছে ?
- ৩। “আকবর বাদশাহের সঙ্গে হরিপদ কেরাণীর কোন ভেদ নাই” - কোন কবিতায়, কোন প্রসঙ্গে বলা হয়েছে ?
- ৪। ‘লিপিকা’ গ্রন্থের আলোচনা প্রসঙ্গে কোন কোন ইউরোপীয়ান লেখকের কোন কোন রচনার কথা উল্লেখ করা যেতে পারে ?
- ৫। ‘লিপিকা’ গ্রন্থের প্রথম ও শেষ রচনা দু’টির নাম লেখো।

(2)

- ৬। “এইতো পায়ে চলার পথ” – রবীন্দ্রনাথকে অনুসরণ করে ‘পথ’ এর বর্ণনা দাও।
- ৭। প্রকাশকাল সহ ‘মুক্তধারা’ নাটকের ইংরেজি অনুবাদের নাম লেখো।
- ৮। “ঐটুকুর মধ্যে আপনার সবটাকে ধরানো চাই”- প্রসঙ্গ নির্দেশ করো।
- ৯। “সে ছিল মূর্খ” – ‘সে’ র পরিচয় দাও।
- ১০। ‘বেচব না’ কোন প্রসঙ্গে কে এই মন্তব্য করেছে ?
- ১১। ‘মুক্তধারা’ নাটকে কতগুলি গান রয়েছে ? ধনঞ্জয় বৈরাগীর কণ্ঠে মোট কতগুলি গান শোনা গিয়েছে ?
- ১২। ‘তারি মধু পান করেছি, ধন্য আমি তাই।’- কোন কবিতার অংশ রচনাকাল লেখো।
- ১৩। ‘যে পায় তোমার হাতে / শান্তির অক্ষয় অধিকার’ - কবিতার নাম ও রচনাকাল লেখো।
- ১৪। ‘স্বর্গ হইতে বিদায়’ কবিতাটির রচনাকাল লেখো। এই কবিতায় মোট চরণের সংখ্যা উল্লেখ করো।
- ১৫। ‘বধু’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।

বিভাগ – খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

৪ x ৫ = ২০

- ১৬। “একদিকে একটা অভ্রভেদী লৌহযন্ত্রের মাথা, ”- অন্যদিকে – “ভৈরব মন্দির চূড়াব ত্রিশূল ” -এই দুই প্রতীক মুক্তধারা নাটকের মূলতত্ত্বকে কি ভাবে প্রকাশ করেছে লেখো।

(3)

- ১৭। “শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান!” – প্রসঙ্গে উল্লেখ করে ব্যাখ্যা করো।
- ১৮। ‘বধু’ কবিতায় নগর জীবনের কৃত্রিমতার মতো গ্রাম জীবনের স্মৃতি বধুর মনে যে আকূলতা জাগিয়ে তুলেছিল -তার বর্ণনা দাও।
- ১৯। রূপক ধর্মী রচনা হিসেবে ‘তোতাকাহিনী’র গুরুত্ব আলোচনা করো।
- ২০। ‘লিপিকা’র রচনাগুলি অবলম্বনে সংক্ষেপে রবীন্দ্রনাথের সমাজ সমালোচনার পরিচয় দাও।
- ২১। ‘মুক্তধারা’ নাটকের জনতা চরিত্রের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।
- ২২। “নিবাবে সব জ্বালা শীতল জল, / জানিস যদি কেহ আমায় বল।” প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

বিভাগ – গ

যে কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও:-

২ x ১০ = ২০

- ২৩। সোনারতরী কবিতায় রবীন্দ্রনাথের জীবনদেবতা-ভাবনার যে প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।
- ২৪। ‘বাঁশি’ কবিতার নামকরণ কতখানী সার্থক -আলোচনা করো।
- ২৫। ‘লিপিকা’ গ্রন্থের রোম্যান্টিক রচনাগুলি অবলম্বন করে লিপিকার‘গদ্য - পদ্য’ মিশ্রিত রচনা আঙ্গিকটি আলোচনা করো।
- ২৬। ‘মুক্তধারা’ নাটকের নায়ক হিসাবে ‘অভিজিৎ’ চরিত্রটি বিশ্লেষণ কর।